

চবিতে ১৭৫ কোটি টাকার বাজেট অনুমোদন

গবেষণা খাতে মাত্র ১০ লাখ
চবি প্রজিনিষি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ২০১৫-১৬ অর্থবছরে ১৭৫ কোটি ৬০ লাখ টাকা বাজেট অনুমোদন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ২৭তম বার্ষিক সিনেট অধিবেশনে এ বাজেট অনুমোদন করা হয়। ৩ ফেব্রুয়ারি সন্ধ্যায় বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবনের সভাকক্ষে অধিবেশন অনুষ্ঠিত হয়। অধিবেশনে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ডিসি প্রফেসর ড. ইফতেখার উদ্দিন চৌধুরী। ২০১৫-১৬ অর্থবছরের উন্নয়নযোগ্য খাতগুলোর মধ্যে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতাদি খাতে বরাদ্দ দেয়া হয়েছে ১১৫ কোটি ৬০ লাখ টাকা। শিক্ষক-কর্মকর্তাদের পেনশন খাতে ২৮ কোটি টাকা, শিক্ষা ও আনুষঙ্গিক ব্যয়ের মধ্যে গবেষণা খাতে বরাদ্দ দেয়া হয়েছে মাত্র ১০ লাখ টাকা। যা গত বছরেও ছিল ১০ লাখ টাকা। সিনেট অধিবেশনের সচিব ও বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার (ডারপ্রাণ্ড) প্রফেসর ড. মোহাম্মদ কামরুল হুদা অধিবেশন সঞ্চালনা করেন। এতে উপস্থিত ছিলেন ইউজিসির চেয়ারম্যান প্রফেসর আবদুল মামান, মহীনউদ্দিন খান এমপি, ওয়াশিকা আয়েসা খান এমপি, প্রফেসর ড. প্রদীপেন্দু বিকাশ চাকমা, অধ্যাপক জমিরউদ্দিন আহমদ, প্রফেসর ড. আন ম মুনির আহমদ, প্রফেসর ড. এমএ গফুর প্রমুখ।